



০৫ ডিসেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

বোচাগঞ্জ রাতের আঁধারে আগুনে হিন্দু সম্প্রদায় ১০টি পরিবারের ঘর আগুনে পুড়ে যাওয়ার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ঘটনার তীব্র নিন্দা ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদান এবং ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ সহ পুনর্বাসনের দাবী জানাচ্ছে

বিভিন্ন পত্র-পত্রিকায় ও যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায় যে, গত ০৩ ডিসেম্বর ২০১৬ইং তারিখ দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলার সেতাবগঞ্জ পৌর এলাকার রেল কলোনিতে আগুনে হিন্দু সম্প্রদায়ের ১০টি পরিবারের বাড়ী ঘর ভস্মীভূত হয়েছে। তাঁদের অভিযোগ, দুর্বৃত্তরা এই আগুন লাগিয়েছে। সেখানে মোট ১০টি বাড়ী পুড়ে গেছে এর মধ্যে ৭টি হরিজন হিন্দু পরিবারের এবং ৩টি হিন্দু পরিবারের।

উল্লেখ্য যে, গত ৪ ডিসেম্বর ২০১৬ তারিখ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর দুই সদস্যের একটি তথ্যানুসন্ধান দল সরেজমিন ঘটনাস্থল পরিদর্শন করেছেন। পরিদর্শক দলকে রেল কোলনির বাসিন্দারা জানান, গভীর রাতে হঠাৎ আগুনের তাপে নারী ও শিশুদের চিৎকারে সবাই জেগে ওঠেন। কয়েকটি ঘরের বাইরের অংশে আগুন জ্বলতে দেখে কোন রকমে সবাই নিজ নিজ বাড়ী থেকে বেরিয়ে আসেন। অগ্নিকাণ্ডে কেউ হতাহত না হলেও ঘরের সব আসবাব ও খাদ্যসামগ্রী পুড়ে ছাই হয়েছে।

ব্লাস্ট এ ধরনের ঘটনায় গভীর উদ্বেগ জানাচ্ছে এবং অগ্নিকাণ্ডের সঠিক কারন অনুসন্ধানপূর্বক ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ প্রাপ্তিসহ পুনর্বাসনের জোর দাবী জানাচ্ছে। এই ন্যাক্ষরজনক ঘটনায় সাধারণ নাগরিকদের মৌলিক অধিকার চরমভাবে লঙ্ঘিত হয়েছে।

উল্লেখ্য, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধানের ৩১, ৩২ ও ৪১ অনুচ্ছেদ অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের; আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে এবং আইন, জনশৃঙ্খলা ও নৈতিকতা-সাপেক্ষে যে কোন ধর্ম অবলম্বন, পালন বা প্রচারের অধিকার রয়েছে। পাশাপাশি সংবিধানের ২৮(১) অনুচ্ছেদ অনুসারে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না।

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এই ঘটনার তীব্র নিন্দা ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত তদন্ত করে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানিয়েছে এবং ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণ সহ পুনর্বাসনের দাবী জানাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানিয়েছে।

ব্লাস্টের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এডভোকেট জেড আই খান পান্না বলেন, “ আমি এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি। অবিলম্বে দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে যথাযথ আইনী পদক্ষেপ ও শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছি। এ ধরনের ঘটনা মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী। অতএব এ ঘটনার সাথে যারা জড়িত তাদের কঠোর হস্তে দমন করা প্রয়োজন।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

ইমেইল: mahbuba@blast.org.bd